

‘ডেসটিনি ও যুবকের গ্রাহকরা অর্ধেক টাকা ফেরত পেতে পারেন’

প্রকাশ | ২৬ সেপ্টেম্বর ২০২১, ১৭:৪৩

👤 নিজস্ব প্রতিবেদক, ঢাকাটাইমস



ফাইল ছবি

মাল্টিলেভেল মার্কেটিং প্রতিষ্ঠান (এমএলএম) ডেসটিনি ও যুবকের প্রতারণিত গ্রাহকেরা অন্তত ৫০ থেকে ৬০ শতাংশ টাকা ফেরত পেতে পারেন বলে জানিয়েছেন বাণিজ্যমন্ত্রী টিপু মুনশি।

রবিবার রাজধানীর ইস্কাটন গার্ডেনে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন আয়োজিত ‘প্রতিযোগিতা আইন বাস্তবায়নের মাধ্যমে বাজারে সুষ্ঠু প্রতিযোগিতাপূর্ণ পরিবেশ সৃষ্টিতে ইকোনমিক রিপোর্টার্স ফোরামের ভূমিকা’ শীর্ষক কর্মশালায় প্রধান অতিথির বক্তব্যে মন্ত্রী এই কথা বলেন।

টিপু মুনশি বলেন, ‘ডেসটিনি ও যুবকের অনেক সম্পদ রয়েছে। সম্পদগুলোর দামও বেড়েছে অনেক। ন্যায্যমূল্যে বিক্রি করলেও যে টাকা পাওয়া যাবে তা দিয়ে গ্রাহকদের ৫০ থেকে ৬০ শতাংশ টাকা ফেরত দেওয়া যাবে।’

বাণিজ্য মন্ত্রণালয়ের তথ্য, ডেসটিনি ও যুবকে গ্রাহকদের অন্তত পক্ষে সাত হাজার কোটি টাকা আটকে আছে।

এ বিষয়ে আইনমন্ত্রী আনিসুল হকের সঙ্গে কথা হয়েছে জানিয়ে বাণিজ্যমন্ত্রী বলেন, ‘আইনমন্ত্রী আমাকে বললেন এটা আদালতের বিষয়। কাউকে (কোনো সংস্থা) দিয়ে সংযুক্ত করে ক্ষতিপূরণ দেওয়া যেতে পারে। আইন মন্ত্রণালয় এটা নিয়ে কাজ করছে।’

ই-কমার্স প্রতিষ্ঠান হিসেবে পরিচিত কয়েকটির প্রতিষ্ঠান এরইমধ্যে নেতিবাচকভাবে নজরে এসেছে। তবে কয়েকটি প্রতিষ্ঠানের কারণে পুরো ই-কমার্স খাতকে বিপদে ফেলা যাবে না উল্লেখ করে বাণিজ্যমন্ত্রী বলেন, 'খাতটি এগিয়ে যাচ্ছে। কয়েকটি প্রতিষ্ঠানের জন্য অন্তত ৩০ হাজার প্রতিষ্ঠানকে আমরা বিপদে ফেলতে পারি না।'

এসময় অন্যদের মধ্যে প্রতিযোগিতা কমিশনের চেয়ারপারসন মো. মফিজুল ইসলাম, সংস্থাটির তিন সদস্য জি এম সালেহ উদ্দিন, এ এফ এম মনজুর কাদির ও নাসরিন বেগম এবং আইন পরামর্শক মাফরুহা মারফিসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

(ঢাকাটাইমস/২৬সেপ্টেম্বর/কারই/জেবি)

৪৪, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০

ফোন: ০২-৪৮৩১৪৯০১, ০২-৪৮৩১৮৮৬৭

ফ্যাক্স : +৮৮-০২-৪৮৩১৮০৪৩

ই-মেইল: info@dhakatimes24.com

নিউজের জন্য: dhakatimes24@yahoo.com

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০১২ - ২০২১ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার সম্পূর্ণ বেআইনি এবং শাস্তিযোগ্য অপরাধ